

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৪

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২৪

৪৬তম ককবরক দিবস : প্রস্তুতি সভা

ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের উদ্যোগে আজ শিক্ষা ভবনের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কনফারেন্স হলে ৪৬তম ককবরক দিবস উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত অনুযায়ী ৪৬তম ককবরক দিবসে আগামী ১৯ জানুয়ারি আগরতলা সহ রাজ্যের বিভিন্ন মহকুমাতে ককবরক দিবস পালিত হবে। সকাল ৮টায় আগরতলায় রবীন্দ্রভবনের সামনে থেকে র্যালি শুরু হবে। বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা র্যালিতে অংশ নেবে। র্যালি শেষে রবীন্দ্রভবনের ১ম প্রেক্ষাগৃহে ৪৬তম ককবরক দিবস পালিত হবে। উক্ত অনুষ্ঠানে ৫ জন ককবরক ভাষা শিক্ষককে সংবর্ধনা দেওয়া হবে। এছাড়া অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ৩১ জনের কার্যকরী কমিটি সহ বিভিন্ন উপকমিটি গঠন করা হয়। এই সভায় ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের অধিকর্তা রত্নজিত দেববর্মা, ত্রিপুরা গবেষণা ও সাংস্কৃতিক ইনস্টিটিউটের অধিকর্তা আনন্দহরি জমাতিয়া, ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের উপঅধিকর্তা সব্যসাচী সিং, পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকাগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
